গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

**বিষয়: নৌপরিবহন মন্ত্রণালয়ের নভেম্বর, ২০২০ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী<br>সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় |
| তারিখ | : | ৩১-১২-২০২০ খ্রি: |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ (কক্ষ নং-৮০৮, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট-ক।

২। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মোংলা বন্দর কর্তৃপক্ষ এবং পায়রা বন্দর কর্তৃপক্ষ, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন এবং অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট সভায় ভার্চুয়াল সংযোগে অংশগ্রহণ করেন।

৩। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত করে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। এরপর সর্বসম্মতিক্রমে গত ০৭/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) গত ০৭/১২/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। দপ্তর এবং সংস্থাসমূহের প্রধান, প্রতিনিধি এবং মন্ত্রণালয়ের উপস্থিত কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র:নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথোপযুক্ত মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সম্ভাব্য কর্মসূচি** | ১। **সেমিনার আয়োজনঃ**<br>(ক) মুজিববর্ষের কর্মসূচি হিসেবে নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক বঙ্গবন্ধুর দর্শন ও সুনীল অর্থনীতি শিরোনামে ২য় সেমিনার ফেব্রুয়ারি, ২০২১ এর মধ্যে আয়োজনের লক্ষ্যে সংশ্লিষ্ট কমিটির কাজ চলমান রয়েছে। সুনীল অর্থনীতি ঘিরে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের আওতায় অবকাঠামোগত উন্নয়মূলক কার্যক্রম পরিচালিত হচ্ছে বিধায় উক্ত সেমিনার আয়োজনে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সার্বিক সহায়তা কামনা করা হয়েছে। | ১।<br>ক) বঙ্গবন্ধুর দর্শন ও সুনীল অর্থনীতি শিরোনামে ২য় সেমিনার ফেব্রুয়ারি, ২০২১ এর ১ম সপ্তাহে আয়োজনের লক্ষ্যে যাবতীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে।<br>(২) চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ সেমিনার আয়োজনে সার্বিক সহায়তা প্রদান করবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয় এবং চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | খ) **বঙ্গবন্ধুঃ শাশ্বত বাংলার প্রতিরূপ”** শিরোনামে বরেণ্য ব্যক্তি এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির সদস্যদের নিয়ে বিআইডব্লিউটিএ'র জাহাজ পরিদর্শী-তে ঢাকা থেকে চাঁদপুর পর্যন্ত নৌপথে ৩য় সেমিনারটি আগামী মে/জুন ২০২১ নাগাদ আয়োজন করা হবে। অতিরিক্ত সচিব (সংস্থা-২) জানান যে, নৌপথে যথাসময়ে সেমিনার আয়োজনের কার্যক্রম চলমান আছে। এ সেমিনারটি আয়োজনে বিআইডব্লিউটিএ ও বিআইডব্লিউটিসি সার্বিক সহায়তা প্রদান করবে। | **খ) (১) বঙ্গবন্ধুঃ শাশ্বত বাংলার প্রতিরূপ”** শিরোনামে ৩য় সেমিনার আগামী মে/জুন ২০২১ নাগাদ বিআইডব্লিউটিএ-র জাহাজ পরিদর্শী-তে ঢাকা থেকে চাঁদপুর পর্যন্ত নৌপথে আয়োজন করতে হবে।<br>(২) বিআইডব্লিউটিএ ও বিআইডব্লিউটিসি সেমিনার আয়োজনের সার্বিক সহায়তা প্রদান করবে। | অতিরিক্ত সচিব (সংস্থা-২) নৌপরিবহন মন্ত্রণালয়, বিআইডব্লিউটিএ এবং বিআইডব্লিউটিসি |
| | | ২। <u>বঙ্গবন্ধুর বক্তৃতা সংকলন ও এলবামঃ</u><br>উপসচিব (উন্নয়ন) জনাব সালাহউদ্দিন আহমেদ জানান যে, নদী, নৌপথ ও নৌবাণিজ্য নিয়ে বঙ্গবন্ধু কর্তৃক গৃহীত গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত, বক্তৃতার সংকলন এবং প্রাসঙ্গিক ছবিসহ এলবাম প্রকাশনার লক্ষ্যে এর প্রচ্ছদ চূড়ান্ত করা হয়েছে। সংকলনটি ফেব্রুয়ারী, ২০২১ এ অনুষ্ঠিতব্য বঙ্গবন্ধুর দর্শন ও সুনীল অর্থনীতি শীর্ষক ২য় সেমিনারে বিতরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | ২। প্রকাশনাটি ফেব্রুয়ারি ২০২১ এ অনুষ্ঠিতব্য বঙ্গবন্ধুর দর্শন ও সুনীল অর্থনীতি শীর্ষক সেমিনারের পূর্বে চূড়ান্তভাবে প্রকাশ করতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কমিটি |
| | | ৩। <u>ডকুমেন্টারীঃ</u><br>বিআইডব্লিউটিএ-র চেয়ারম্যান, কমোডর গোলাম সাদেক জানান, নৌ সেক্টর নিয়ে বঙ্গবন্ধুর ভাবনা ও পরিকল্পনা অনুযায়ী নৌপরিবহন মন্ত্রণালয়ের অর্জন ও নৌপরিবহন মন্ত্রণালয় সংক্রান্ত মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্যসহ ৫-১০ মিনিটের তথ্যচিত্রের একটি খসড়া ডকুমেন্টারী প্রস্তুত করা হয়েছে। একটি কমিটির মাধ্যমে ডকুমেন্টারীটি যাচাইপূর্বক চূড়ান্ত করা যেতে পারে। বঙ্গবন্ধুর দর্শন ও সুনীল অর্থনীতি শীর্ষক সেমিনারে উক্ত ডকুমেন্টারী প্রদর্শন করা হবে। | ৩। বিআইডব্লিউটিএ কর্তৃক প্রস্তুতকৃত খসড়া ডকুমেন্টারী যাচাইপূর্বক চূড়ান্ত করার জন্য জন্য একটি কমিটি গঠন করা হবে। এটি ফেব্রুয়ারি ২০২১ এ অনুষ্ঠিতব্য বঙ্গবন্ধুর দর্শন ও সুনীল অর্থনীতি শীর্ষক সেমিনারে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় এবং বিআইডব্লিউটিএ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৪। মেরিন একাডেমির শিক্ষা কার্যক্রম চালু: কমান্ড্যান্ট, মেরিন একাডেমি চট্টগ্রাম, ড. সাজিদ হোসেন জানান যে, রংপুর, পাবনা, বরিশাল ও সিলেট জেলায় প্রতিষ্ঠিত নুতন ৪টি একাডেমিতে জনবলের নিয়োগ নিশ্চিত না করা হলে জুন, ২০২১ এ ক্যাডেট ভর্তি করা সম্ভব হবে না।<br>৪টি মেরিন একাডেমির কমান্ড্যান্টগণ জানান যে, প্রয়োজনীয় জনবলের অভাবে মেরিন একাডেমিসমূহের প্রশাসনিক কার্যক্রম শুরু করা সম্ভব হয়নি। একাডেমিসমূহে প্রেষণে বা খন্ডকালিন জনবল দ্রুত নিয়োগ করে শিক্ষা উপযোগী করার বিষয়ে সভায় আলোচনা হয়। উল্লেখ্য, ৪টি মেরিন একাডেমির অনুকূলে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রয়েছে।<br>সভায় জানানো হয় যে, নতুন ৪টি মেরিন একাডেমির জনবলের বেতনস্কেল এবং নিয়োগযোগ্যতা সংশোধনের প্রস্তাব অর্থ বিভাগে বিবেচনাধীন রয়েছে। অর্থ বিভাগ হতে জবাব পাওয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | ৪। (ক) নতুন ৪টি মেরিন একাডেমি-তে খন্ডকালিন বা প্রেষণে জনবল নিয়োগের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য নথি উপস্থাপন করতে হবে।<br>(খ) নিয়মিত জনবল নিয়োগের বিষয়ে অর্থ বিভাগ হতে জবাব পাওয়ার পর দ্রুত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নৌশিক্ষা ও প্রশিক্ষন অধিশাখা, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| | | ৫। **বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস:** জাতীয় কর্মসূচির আলোকে এ সাথে সমন্বয় করে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন করা হবে। | ৫। দিবসটি পালনের জন্য জাতীয় কর্মসূচির আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় দপ্তর/সংস্থা (সকল)। |
| ২. | **মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি** | সভায় যুগ্মসচিব (পরিকল্পনা) জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে গত ২৯/১২/২০২০ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত পর্যালোচনা সভায় নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত প্রতিশ্রুতি ও নির্দেশনার বাস্তবায়ন অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করা হয়।<br>তিনি বলেন,দপ্তর ও সংস্থা হতে এ বিষয়ে প্রেরিত হালনাগাদ অগ্রগতির প্রতিবেদনের মান সন্তোষজনক নয়। এ বিষয়ে সকল দপ্তর ও সংস্থার প্রধানদের দৃষ্টি আকর্ষণ | (ক) দপ্তর এবং সংস্থা প্রধানগণ মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে স্বল্প কথায় পরিসংখ্যান ভিত্তিক হালনাগাদ তথ্যাদি যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবেন। | সকল দপ্তর ও সংস্থা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করা হয়।<br>সভাপতি বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আরো পরিসংখ্যান ভিত্তিক হতে হবে যেন স্বল্প কথায় অধিক তথ্য উপস্থাপন করা যায়। তিনি এ বিষয়ে প্রত্যেক দপ্তর ও সংস্থায় ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সাথে নিয়মিত সভা করে বাস্তবায়ন অগ্রগতির সুনির্দিষ্ট তথ্য প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | | |
| ৩. | **মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন** | অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান যে মন্ত্রিসভা বৈঠকের ১৩টি সিদ্ধান্তের মধ্যে ৪টি বাস্তবায়িত হয়েছে। তিনি সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করেন। সিদ্ধান্তগুলোর অধিকাংশই মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার আইন প্রণয়ন/বাংলা ভাষায় রুপান্তর সংক্রান্ত। মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে হালনাগাদ তথ্যাদি যথাযথভাবে উল্লেখ করে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ক অগ্রগতি প্রতিবেদন হালনাগাদ তথ্যাদিসহ যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>সকল শাখা/সকল দপ্তর ও সংস্থা |
| ৪. | **জেলা প্রশাসক সম্মেলন, ২০১৯ এর সিদ্ধান্ত বাস্তবায়ন** | সভায় জেলাপ্রশাসক সম্মেলন এর সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় জানানো হয় যে, ৯টি সিদ্ধান্তের মধ্যে ৪টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। অপর সিদ্ধান্ত গুলোর বিষয়ে কার্যক্রম চলমান আছে।<br>সভাপতি বলেন যেসব সিদ্ধান্ত বাস্তবায়ন যোগ্য হবে না তা সার-সংক্ষেপ আকারে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করতে হবে। | ১। জেলাপ্রশাসক সম্মেলন এর সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নপূর্বক সুনির্দিষ্ট ও হালনাগাদ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>২। বাস্তবায়ন যোগ্য হবে না এরূপ সিদ্ধান্তসমূহের ক্ষেত্রে দপ্তর এবং সংস্থা প্রধানগণ মন্ত্রণালয়ে তথ্য প্রেরণ করবেন। | বিআইডব্লিউটিএ/<br>বিআইডব্লিউটিসি/<br>বাস্থবক/নৌপরিবহন অধিদপ্তর ও মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অধিশাখা/শাখা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি** | সভাপতি জানান যে বার্ষিক কর্মসম্পাদন বিষয়ে মন্ত্রণালয়ের অর্জন লক্ষ্যমাত্রা অনুযায়ী সন্তোষজনক নয়। অনেক ক্ষেত্রে কাজ সম্পন্ন হলেও প্রমানকসমূহ যথাযথভাবে উপস্থাপিত না হওয়ায় প্রাপ্য পয়েন্ট পাওয়া যায় না। এ ক্ষেত্রে APA অনুযায়ী মাসভিত্তিক কার্মপরিকল্পনা গ্রহণ করতে হবে। প্রতিমাসের প্রথম সপ্তাহে APA টিম কর্তৃক মাসের করণীয় নির্ধারণ করে কর্ম সম্পাদন করতে হবে। দপ্তর ও সংস্থার প্রধানগণ সরাসরি বিষয়টি তদারকি করবেন। এ বিষয়টির সাথেই মন্ত্রণালয়ের মূল্যায়ন জড়িত বিধায় APA এর সুনিদ্দিষ্ট অর্জন প্রমানকসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। যে সকল ক্ষেত্রে প্রমানকের হার্ডকপি পাঠানো সম্ভব নয় সে সকল ক্ষেত্রে সফটকপি প্রেরণ নিশ্চিত করতে হবে। কোন অবস্থায় APA বাস্তবায়ন অবহেলা করা যাবে না। কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করে তা নিস্পত্তি করতে হবে। ভবিষ্যত লক্ষ্যমাত্রা নির্ধারণের ক্ষেত্রে সময়াবদ্ধ বাস্তবায়নযোগ্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। | (১) APA এর সুনির্দিষ্ট লক্ষমাত্রা বাস্তবায়ন করতে হবে।<br>(২) প্রতিমাসের ১ম সপ্তাহে সভা করে মাসের করনীয় নির্ধারণ করে কর্মসম্পাদন করতে হবে।<br>(৩) APA এর অর্জন সুর্নিদ্দিষ্ট প্রমানকসহ প্রেরণ করতে হবে।<br>(৪) APA এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা দপ্তর/সংস্থা প্রধান ও মন্ত্রণালয়ের সাথে সমন্বয় সাধন করবেন ।<br>(৫) ভবিষ্যতে লক্ষমাত্রা নির্ধারণের ক্ষেত্রে সময়াবদ্ধ বাস্তবায়নযোগ্য লক্ষমাত্রা নির্ধারণ করতে হবে। | সংশ্লিষ্ট শাখা/ সকল দপ্তর/সংস্থা |
| ৬. | **অডিট আপত্তি নিস্পত্তিকরণ** | এ বিষয়ে সংস্থা হতে প্রেরিত অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় যুগ্ম-সচিব (অডিট) জানান যে, মন্ত্রণালয়ের দপ্তর ও সংস্থাসমূহের ২৯৮টি সাধারণ অডিট আপত্তি অনিস্পন্ন রয়েছে। এছাড়া, ৬৭০টি অগ্রিম আপত্তি ও ১৩৫টি খসড়া অডিট আপত্তিসহ মোট ১১০৩টি অনিস্পন্ন অডিট আপত্তি রয়েছে। যার সাথে ৪৩৭৪.৩৮ কোটি টাকা জড়িত আছে। অডিট আপত্তিগুলো নিস্পত্তির লক্ষ্যে যথাযথ কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। সভাপতি জানান যে, দ্বিপক্ষীয়, ত্রিপক্ষীয় সভা করে অডিট আপত্তিগুলো নিস্পত্তি করতে হবে। | ১। দপ্তর ও সংস্থার মাসিক ভিত্তিক বিভিন্ন শ্রেণির অডিট আপত্তির বিস্তারিত তালিকা এবং নিস্পত্তিকৃত তালিকা প্রস্তুতপূর্বক যুগ্মসচিব (অডিট) বিষয়গুলো তদারকি ও যোগাযোগ করে নিস্পত্তি করার ব্যবস্থা নিবেন।<br>২। মন্ত্রণালয়ের আইন ও অডিট শাখা সংশ্লিষ্ট দপ্তর ও সংস্থার সাথে দ্বিপাক্ষিক/ ত্রিপাক্ষিক সভা করে অনিস্পন্ন অডিট আপত্তি নিস্পত্তির কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন। | অডিট শাখা, সকল দপ্তর/সংস্থা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | **দেওয়ানি মামলা সংক্রান্ত তথ্য** | সভায় জানানো হয় যে, মামলার নোটিশ প্রাপ্তির পরই ওকালতনামা, আইনজীবী নিয়োগ, অনুচ্ছেদওয়ারি বক্তব্য তৈরি করে যথাসময়ে সংশ্লিষ্ট আইনজীবীর মাধ্যমে নির্ধারিত আদালতে উপস্থাপন করাসহ অন্যান্য কার্যক্রম গুরুত্বের সাথে বাস্তবায়ন করতে হবে। সংস্থা প্রধানগণ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান ও দ্রুত মামলা নিষ্পত্তির বিষয়ে বিশেষ উদ্যোগ নিতে হবে। দপ্তর/সংস্থাসমূহের মোট মামলার সংখ্যা ৪০২ টি যার মধ্যে ৩৬১ টির জবাব দাখিল করা হয়েছে, ৩৯টির জবাব দাখিল করা হয়নি এবং বিবেচ্য মাসে সরকারের পক্ষে ২টি মামলা নিষ্পত্তি হয়েছে। | **(ক) মামলার আর্জি পাওয়ার পর যথাসময়ে উপযুক্ত জবাব নির্ধারিত আদালতে আইনজীবীর মাধ্যমে উপস্থাপন নিশ্চিত করতে হবে।**<br>**(খ) সংস্থাভিত্তিক মামলার অগ্রগতি নিয়ে নিয়মিত পর্যালোচনা সভা করতে হবে।** | সকল দপ্তর, সংস্থা ও মন্ত্রণালয়ের আইন শাখা |
| ৮. | **জাতীয় শুদ্ধাচার কৌশল** | সভায় সভাপতি জানান যে, দপ্তর/সংস্থায় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ অব্যহত রাখতে হবে। | (ক) দপ্তর/সংস্থায় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ অব্যহত রাখতে হবে।<br>(খ) মন্ত্রণালয় কর্তৃক দপ্তর/সংস্থার কর্মকর্তা গণকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়টি বিবেচনা করতে হবে। | সংশ্লিষ্ট শাখা/ সকল দপ্তর/সংস্থা |
| ৯. | **তথ্য অধিকার আইন (আরটিআই)** | সভাপতি জানান যে, তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির বিষয়টি যথাযথ ভাবে নিশ্চিত করতে হবে। যে সকল তথ্য ওয়েব সাইটে প্রকাশের যোগ্য সেগুলো হালনাগাদ করে প্রকাশ করতে হবে। এছাড়া প্রতিটি দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন প্রকাশের বিষয়েও সভাপতি গুরুত্বারোপ করেন। | তথ্য অধিকার আইন (আরটিআই) এর আওতায় চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য সরবরাহের বিষয়টি নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট শাখা |
| ১০. | **মন্ত্রণালয়ের ই-ফাইলিং, ইনোভেশন ও ওয়েবসাইট হালনাগাদকরণ** | সিস্টেম অ্যানালিস্ট গত মাসের মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার ই-ফাইলিং কার্যক্রমের প্রতিবেদন সভায় তুলে ধরেন। সভাপতি জানান যে ই-ফাইলিং কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখতে হবে। এ বিষয়ে কোন অসুবিধা পরিলক্ষিত হলে a2i এর সহায়তা নিতে হবে। এছাড়া মন্ত্রণালয়ের স্কোর ও a2i এর স্কোরের | প্রতিটি দপ্তর ও সংস্থা কর্তৃক ই-ফাইলিং কার্যক্রম আরো জোরদার করতে হবে এবং ধারাবাহিকতা বজায় রাখতে হবে। | সকল দপ্তর/সংস্থা/ মন্ত্রণালয়ের সকল শাখা/ অধিশাখা/আইসিটি শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সাথে গড়মিল থাকলে তা সমন্বয় করতে হবে। | | |
| ১১. | **বিবিধঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের কক্ষসমূহের সংস্কার কার্যক্রম** | সভায় জানানো হয় যে, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার কর্তৃক নৌপরিবহন মন্ত্রণালয়ের মডেল কক্ষ তৈরির কাজ সম্পন্ন হয়েছে। মডেল কক্ষ প্রস্তুতকালে মাননীয় প্রতিমন্ত্রী, সভাপতিসহ কর্মকর্তাগণ কাজ প্রত্যক্ষ ও পরিদর্শন করে মতামত দিয়েছেন। সে অনুযায়ী আসনব্যবস্থার প্রয়োজনীয় পরিমার্জন, পরিবর্তন, পরিবর্ধন ও সংস্কার করা হয়েছে। মডেল কক্ষের আলোকে অন্যান্য কক্ষের পূর্ণাঙ্গ ডিজাইনের কাজ চলছে। শিঘ্রই "Remodeling and Interior Decoretion of MoS Rooms" নামক কাজের টেন্ডার আহবান করা হবে মর্মে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ হতে জানানো হয়েছে।<br>চেয়ারম্যান চবক জানান যে মন্ত্রণালয়ের সভাকক্ষের অভ্যন্তরীণ সজ্জা, ভিডিও ও সাউন্ড সিস্টেমটি ভার্চুয়াল সভার উপযুক্ত করে স্থাপন করা যেতে পারে যেন উপস্থিত সবাইকে এক নজরে দেখা যায়। এ বিষয়ে মন্ত্রণালয়ের কক্ষ ও অন্যান্য স্থান সংস্কারের কাজের সাথে এ কাজটিও বাস্তবায়নের জন্য চবককে দায়িত্ব প্রদানের জন্য প্রস্তাব করেন। এ বিষয়ে প্রস্তাব দেয়ার জন্য চবককে ধন্যবাদ জানানো হয় ও বিস্তারিত আলোচনা হয়। | (১) "Remodeling and Interior Decoretion of MoS Rooms" নামক কাজের টেন্ডার দ্রুত আহবান করতে হবে ও ঠিকাদার নিয়োগ করতে হবে।<br>**(২) মন্ত্রণালয়ের সভাকক্ষের অভ্যন্তরীণ সজ্জা, ভিডিও ও সাউন্ড সিস্টেম স্থাপনের কাজটি চবক বাস্তবায়ন করবে।** | নৌপরিবহন মন্ত্রণালয়/চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। |

৪। দপ্তর ও সংস্থাসমূহ মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তের অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ১/২ তারিখের মধ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবে।

৫। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ১০/০১/২০২১
(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩৬.০৬.০১৬.১৯ (অংশ-১)- ০৬

তারিখ ২৮ পৌষ ১৪২৭ ব:
১২ জানুয়ারি ২০২১ খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

১। চেয়ারম্যান, চবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/মোবক/বাস্থবক/পাবক/জাতীয় নদী রক্ষা কমিশন।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল, বেইলী রোড, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
৫। যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, (সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে সম্পৃক্ত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করার অনুরোধসহ)।
৬। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, জুলদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম।
৭। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
৮। উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, (সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে সম্পৃক্ত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করার অনুরোধসহ)।
৯। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১০। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, দক্ষিণ হালিশহর, বন্দর, চট্টগ্রাম-৪১০০।
১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
১২। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, (সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে সম্পৃক্ত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করার অনুরোধসহ)।
১৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
১৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/বন্দর/উন্নয়ন/সংস্থা-১/সংস্থা-২) এর ব্যক্তিগত কর্মকর্তা,নৌপরিবহন মন্ত্রণালয়।
১৫। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
১৬। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১২.০১.২১
মোঃ আলাউদ্দিন
সহকারী সচিব